অতিব জরুরী
বিশেষ বাহক মারফত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা
www.mora.gov.bd

নং - ১৬.০০.০০০০.০০১.২৩.০০২.১২(অংশ-১)/৯০৭ তারিখ : ৪ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ
১৮ জুন ২০১৭ খ্রি.

বিষয় : আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী প্রেরণ।

আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর, ২০১৭ খ্রি. (১৪৩৮ হিজরী) উদযাপনের লক্ষ্যে সরকারি কর্মসূচি নির্ধারণকল্পে গত ১১.০৬.২০১৭ খ্রি. তারিখ রোজ রবিবার বেলা ১১:০০ টায় ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী অধ্যক্ষ মতিউর রহমান-এর সভাপতিত্বে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হ'ল।

**সংযুক্তি: সভার কার্যবিবরণী**

১৮/০৬/১৭
(মো: আহসান হাবীব)
সহকারী সচিব
ফোন : ৯৫৭৭২৩৮
ফ্যাক্স : ৯৫১২২৮৬
e-mail : moragovbd@gmail.com

বিতরণ : **(জ্যেষ্ঠ্যতার ক্রমানুসারে নহে)**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৪. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সিনিয়র সচিব,অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৭. মহা-পুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, পুলিশ সদর দপ্তর, ঢাকা।
৮. সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, গণভবন কমপ্লেক্স, শেরে বাংলা নগর, ঢাকা।
৯. সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
১১. মহামান্য রাষ্ট্রপতির সামরিক সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
১২. সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১৩. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. সচিব,বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭. সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯. সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২০. সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২২. সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৩. সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৪. সচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৫. সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৬. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৭. রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রিম কোর্ট, ঢাকা।
২৮. অতিরিক্ত মহা-পুলিশ পরিদর্শক (বিশেষ শাখা), মালিবাগ, ঢাকা।

২৯. পুলিশ কমিশনার, ঢাকা মেট্রো-পলিটন পুলিশ।
৩০. বিভাগীয় কমিশনার, ঢাকা।
৩১. চেয়ারম্যান, স্পারসো, আগারগাঁও, ঢাকা।
৩২. অতিরিক্ত সচিব (প্রশাসন), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৩. ওয়াকফ্ প্রশাসক, বাংলাদেশ ওয়াকফ প্রশাসকের কার্যালয়, মগবাজার, ঢাকা।
৩৪. মহাপরিচালক, এসএসএফ, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩৫. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
৩৬. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩৭. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
৩৮. মহাপরিচালক, বাংলাদেশ বেতার, শাহবাগ, ঢাকা।
৩৯. মহাপরিচালক, জাতীয় যাদুঘর, শাহবাগ, ঢাকা।
৪০. মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৪১. মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৪২. মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা।
৪৩. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৪৪. ব্যবস্থাপনা পরিচালক, বিটিসিএল, রমনা, ঢাকা।
৪৫. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা।
৪৬. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কো: লি:, বিদ্যুৎ ভবন, আব্দুল গণি রোড, ঢাকা।
৪৭. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৪৮. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৪৯. প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫০. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।
৫১. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।
৫২. যুগ্ম-সচিব (হজ/সংস্থা/উন্নয়ন), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫৩. জেলা প্রশাসক, ঢাকা।
৫৪. সিভিল সার্জন, ঢাকা।
৫৫. উপ-সচিব (অনুদান, অডিট, হিসাব ও বাজেট/প্রশাসন/হজ/উন্নয়ন), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
৫৬. পরিচালক, হজ অফিস, আশকোনা, বিমানবন্দর, ঢাকা।
৫৭. পরিচালক, আবহাওয়া অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৫৮. পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
৫৯. পরিচালক, শিশু একাডেমী, শাহবাগ, ঢাকা।
৬০. পরিচালক (দ্বীনি দাওয়াত ও সংস্কৃতি বিভাগ), ইসলামিক ফাউন্ডেশন,বায়তুল মোকাররম, ঢাকা।
৬১. উপ-পুলিশ কমিশনার, (ট্রাফিক দক্ষিণ), ঢাকা মেট্রো-পলিটন পুলিশ।
৬২. সিনিয়র সহকারী সচিব/প্রধান (হজ-১/পরিকল্পনা-১), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬৩. সিনিয়র তথ্য কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(সভার নোটিস টি সংশ্লিষ্ট ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়াকে অবগতির অনুরোধসহ)।**
৬৪. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৬৫. সহকারী সচিব (হজ-২/সংস্থা/অনুদান/বাজেট/দেবোত্তর ও অডিট), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬৬. সহকারী প্রোগ্রামার, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(সভার নোটিস টি এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।**
৬৭. নির্বাহী পরিচালক, রোভার স্কাউটস, কাকরাইল, ঢাকা।
৬৮. মুতাওয়াল্লী/ইমাম, হাইকোর্ট মাজার মসজিদ, ঢাকা।

নং - ১৬.০০.০০০০.০০১.২৩.০০২.১২(অংশ-১)/৯০৭

তারিখ : ৪ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ
১৮ জুন ২০১৭ খ্রি.

**সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :**

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. অফিস কপি।

(মো: আহসান হাবীব)
সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রশাসন-২ শাখা
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়ঃ আসন্ন ঈদ-উল-ফিতর-২০১৭ (১৪৩৮ হিজরী) উদযাপন উপলক্ষে ১১ জুন, ২০১৭ খ্রি. তারিখে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী।

যথাযোগ্য ধর্মীয় মর্যাদায় ও ভাবগাম্ভীর্যের সাথে আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর-২০১৭ (১৪৩৮ হিজরী) উদযাপনের প্রস্তুতি গ্রহণের জন্য ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী অধ্যক্ষ মতিউর রহমান-এর সভাপতিতে ১১ জুন, ২০১৭ খ্রি. বেলা ১১:০০ টায় মন্ত্রণালয়ের সভাকক্ষে আন্ত:মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর/সংস্থা/ প্রতিষ্ঠানসমূহের প্রতিনিধিগণ সভায় উপস্থিত ছিলেন। সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা **পরিশিষ্ট 'ক'**-তে সংযুক্ত করা হ'ল।

২। সভাপতি সভার শুরুতে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানসমূহ হতে আগত প্রতিনিধিদের স্বাগত জানান এবং নিজ নিজ পরিচয় প্রদানের জন্য অনুরোধ জানান। তিনি পবিত্র ঈদ-উল-ফিতর যথাযথ ধর্মীয় মর্যাদা ও ভাব-গাম্ভীর্যের সাথে বিগত বছরের ন্যায় উদযাপনের উপর গুরুত্ব আরোপ করেন। তিনি ঈদ-উল-ফিতর এর জাতীয় কর্মসূচী বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। অত:পর সভায় কার্যপত্র অনুযায়ী আলোচনা শেষে নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয় :

| ক্র: নং | কর্মসূচি | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. | ১.১ মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক বাণী প্রদান। | পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষে প্রতি বছর মহামান্য রাষ্ট্রপতি জাতির উদ্দেশ্যে বাণী প্রদান করে থাকেন। বিগত বছরের ন্যায় এ বছরেও পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতির বাণী গ্রহণ করে প্রচারের ব্যবস্থা করতে হবে। | রাষ্ট্রপতির কার্যালয় (জন বিভাগ/আপন বিভাগ, পিআইডি, তথ্য মন্ত্রণালয়) |
| | ১.২ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক বাণী প্রদান। | পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষে প্রতি বছর মাননীয় প্রধানমন্ত্রী জাতির উদ্দেশ্যে বাণী প্রদান করে থাকেন। বিগত বছরের ন্যায় এ বছরেও পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর বাণী গ্রহণ করে প্রচারের ব্যবস্থা করতে হবে। | প্রধানমন্ত্রীর কার্যালয়/পিআইডি/তথ্য মন্ত্রণালয় |
| ২. | মুসলিম দেশের কূটনীতিকদের দাওয়াত প্রদান। | পবিত্র ঈদ-উল-ফিতরের প্রধান জামাতে উপস্থিত থাকার জন্য পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক মুসলিম দেশের কূটনীতিকদের দাওয়াত প্রদান করা হয়ে থাকে। বিগত বছরের ন্যায় এ বছরেও পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে অনুরুপ ব্যবস্থা গ্রহণ করতে হবে। । | পররাষ্ট্র মন্ত্রণালয়/ পিআইডি |
| ৩. | ঈদ-উল-ফিতর এর জামাত অনুষ্ঠানের বিজ্ঞপ্তি বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশন এবং সংবাদপত্রসহ বিভিন্ন প্রচার মাধ্যমে প্রচার। | পবিত্র ঈদ-উল-ফিতর-১৪৩৮ হিজরি এর জামাত অনুষ্ঠানের বিজ্ঞপ্তি বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশন ও সংবাদপত্রসহ বিভিন্ন সরকারি-বেসরকারি প্রচার মাদ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। পুরুষের পাশাপাশি মহিলাদের (জাতীয় ঈদগাহ-এর দক্ষিণ দিকে মহিলাদের জন্য আলাদা প্রবেশ পথসহ) আলাদা আসন ব্যবস্থা রাখার বিষয়টিও বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশন এবং সংবাদপত্রসহ সরকারি-বেসরকারি সকল প্রচার মাধ্যমে প্রচার করতে হবে। | তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশন |
| ৪. | জাতীয় ঈদগাহে প্রধান জামাতের জন্য ইমাম, উপস্থাপক ও ক্বারী নিয়োগ। | জাতীয় ঈদগা মাঠে অনুষ্ঠেয় ঈদের প্রধান জামাতের জন্য ইমাম নিয়োগের বিষয়ে ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক বিশিষ্ট ৫ জন আলেম, পবিত্র কুরআন তেলাওয়াতের জন্য ৫ জন বিশিষ্ট ক্বারী ও ঈদের জামাত অনুষ্ঠান পরিচালনার জন্য ৫ জন উপস্থাপকের তালিকা ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করবে।<br>উক্ত তালিকা হতে একজন ইমাম ও একজন বিকল্প ইমাম, একজন ক্বারী ও একজন বিকল্প ক্বারী এবং একজন উপস্থাপক ও একজন বিকল্প উপস্থাপক ধর্ম বিষয়ক কর্তৃক নিয়োগ করা হবে। ইমাম, ক্বারী ও উপস্থাপকগণকে মন্ত্রণালয় থেকে সম্মানী হিসেবে প্রতি বছরের ন্যায় সর্বমোট টাঃ ১৫,০০০/- (পনের হাজার) টাকা মঞ্জুরি প্রদানের ব্যবস্থা করা হবে। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ইসলামিক ফাউন্ডেশন |

| ক্র: নং | কর্মসূচি | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ৫. | জাতীয় ঈদগাহ ময়দানের মাঠ প্রস্তুতকরণ। | ৫.ক) ঈদের জামাত যাতে বৃষ্টি বিঘ্নিত না হয় সে জন্য জাতীয় ঈদগাহ মাঠ সমতলকরণ, ঘাস কর্তন এবং আবর্জনা পরিস্কারকরণ সহ যাবতীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে।<br>(খ) জাতীয় ঈদগাহ ময়দানে সম্পূর্ণ মাঠ জুড়ে ত্রিপলসহ প্যান্ডেল নির্মাণ করতে হবে।<br>(গ) লাইটিং এর ব্যবস্থা করতে হবে।<br>(ঘ) অতিরিক্ত বৃষ্টি হলে গণপূর্ত বিভাগের পাশাপাশি ঢাকা ওয়াসাকে পানি নিষ্কাশনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(ঙ) ঢাকা ওয়াসা প্রয়োজনে ফায়ার সার্ভিসের সাথে যোগাযোগপূর্বক পানি নিষ্কাশনের জন্য যৌথ প্রস্তুতি গ্রহণ করতে পারে। পানি নিষ্কাশনের প্লাট ফরম তৈরী করার জন্য ফায়ার সার্ভিস ও গণপূর্ত অধিদপ্তর আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করবে।<br>(চ) ঈদ-উল-ফিতরের জামাতের পাশে মুসুল্লিদের জন্য ঢাকা ওয়াসা কর্তৃক খাবার পানির ব্যবস্থা করতে হবে।<br>(ছ) ঈদের দিন জাতীয় ঈদ গাহ ময়দানে বিশেষ মেডিকেল টীম রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(জ) ঈদগাহ মাঠে আগত মুসল্লিদের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করতে হবে। | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা ওয়াসা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর/সিভিল সার্জন ঢাকা/ এসএসএফ/ডিমপি/বিশেষ শাখা/ব্যাব। |
| ৬. | ৬.১ ঈদ-উল-ফিতর/১৭ এর প্রধান জামাতের সময় নির্ধারণ ও আবহাওয়া প্রতিকূল হলে অন্যত্র জামাতের আয়োজন করা। | ক) আবহাওয়া অনুকূলে থাকলে জাতীয় ঈদগাহ, হাইকোর্ট প্রাঙ্গণ, ঢাকাতে সকাল ৮.৩০ ঘটিকায় ঈদ-উল-ফিতর এর প্রধান জামাতের আয়োজন করা এবং আবহাওয়া প্রতিকূল হলে প্রধান জামাত সকাল ৯.০০ ঘটিকায় বায়তুল মোকাররম মসজিদে আয়োজন করতে হবে ।<br>খ) আবহাওয়া দুর্যোগপূর্ণ হলে প্রধান ঈদের জামাত বায়তুল মোকাররমে স্থানান্তরের তাৎক্ষণিক সিদ্ধান্ত প্রদানের জন্য নিম্নরুপ কমিটি গঠণ করা হলো:<br>I. বিভাগীয় কমিশনার, ঢাকা -আহবায়ক<br>II. মন্ত্রিপরিষদ বিভাগের প্রতিনিধি -সদস্য<br>III. ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি -সদস্য<br>IV. তথ্য মন্ত্রণালয়ের প্রতিনিধি -সদস্য<br>V. ডিএমপি কমিশনার, ঢাকা -সদস্য<br>VI. ইসলামিক ফাউন্ডেশনের প্রতিনিধি -সদস্য<br>VII. আবহাওয়া অধিদপ্তরের প্রতিনিধি -সদস্য<br>VIII. স্পারসো এর প্রতিনিধি -সদস্য<br>কার্যপরিধি:<br>কমিটি জামাতের পূর্বে যে কোন সময়ে দুর্যোগপূর্ণ আবহাওয়ার জন্য বায়তুল মোকাররমে নামাজের জামাত স্থানান্তরের জন্য তাৎক্ষণিক সিদ্ধান্ত প্রদান করবে ।<br>গ) মহিলাদের ঈদের নামাজ আদায়ের জন্য আলাদা ব্যবস্থা করতে হবে। বিদেশী রাষ্ট্রদূত/কূটনীতিবিদ এবং তাদের পত্নীদের নামাজ আদায়ের জন্য পূর্ব থেকেই জায়গা সংরক্ষণের ব্যবস্থা করতে হবে। | ক) ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন,<br>ইসলামিক ফাউন্ডেশন,<br>বাংলাদেশ বেতার,<br>বাংলাদেশ টেলিভিশন।<br>খ) মন্ত্রিপরিষদ বিভাগের প্রতিনিধি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, কমিশনার, ঢাকা বিভাগ ইসলামিক ফাউন্ডেশন, কমিশনার, ডিএমপি, আবহাওয়া অধিদপ্তর, স্পারসো ও তথ্য মন্ত্রণালয়।<br>গ) ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন। |
| ৭. | ঢাকা শহরের প্রধান প্রধান মসজিদের ঈদের নামাজ এবং বৃহত্তর জেলা সমূহের প্রধান জামাতের সময়-সূচি বাংলাদেশ বেতার ও বাংলাদেশ টেলিভিশনে/ বেসরকারি প্রচার মাধ্যমে প্রচারের ব্যবস্থা করা। | ঢাকা শহরের প্রধান প্রধান মসজিদের ঈদের নামাজ এবং বৃহত্তর জেলা সমূহের প্রধান জামাতের সময়সূচি সংগ্রহ করে ইসলামিক ফাউন্ডেশন/জেলা প্রশাসন ঈদের দিনের পূর্বেই বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশনসহ সকল বে-সরকারি চ্যানেলগুলোকে অবহিত করবে এবং বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশন ও পিআইডি উহা প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে। ইহা ছাড়া ইসলামিক ফাউন্ডেশন প্রধান প্রধান জামাতের সময়সূচি সংক্রান্ত ছোট পুস্তিকা/লিফলেট প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে। জাতীয় ঈদগাহে অনুষ্ঠিত জামাত টেলিভিশনসমূহে সরাসরি সম্প্রচারের ব্যবস্থা করতে হবে। | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ইসলামিক ফাউন্ডেশন, বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশন, মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন/জেলা প্রশাসক (সকল)। |

| ক্র: নং | কর্মসূচি | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ৮. | ঈদের মাঠে অভ্যর্থনা জ্ঞাপন। | ৮.মহামান্য রাষ্ট্রপতি, মন্ত্রিপরিষদের মাননীয় সদস্যবৃন্দ, মাননীয় প্রধানমন্ত্রীর উপদেষ্টাবৃন্দ, বিদেশী কূটনীতিক, উর্দ্ধতন সামারিক ও বেসামরিক কর্তকর্তাসহ সংশ্লিষ্টদের অভ্যর্থনা জ্ঞাপনের জন্য নিম্নোক্ত উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ ঈদগা মাঠে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।<br>I. মাননীয় মন্ত্রী, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়<br>II. মেয়র, ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন<br>III. সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়<br>IV. বিভাগীয় কমিশনার, ঢাকা<br>V. কমিশনার, ডিএমপি<br>VI. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন<br>VII. পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি<br>VIII. জেলা প্রশাসক, ঢাকা। | মাননীয় মন্ত্রী, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, মেয়র, ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন, সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বিভাগীয় কমিশনার, ঢাকা, কমিশনার, ডিএমপি, ডিজি, ইসলামিক ফাউন্ডেশন, পররাষ্ট্র মন্ত্রণালয়ের উপযুক্ত প্রতিনিধি, জেলা প্রশাসক, ঢাকা |
| ৯. | জাতীয় ঈদগাহ, ঢাকায় ঈদের প্রধান জামাত অনুষ্ঠানে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন-কে অন্যান্য প্রতিষ্ঠান কর্তৃক সহায়তা প্রদান। | **জাতীয় ঈদগাহ, হাইকোর্ট প্রাঙ্গন, ঢাকায় ঈদের প্রধান জামাত অনুষ্ঠানে নিম্নোক্ত বিষয়ের পাশাপাশি উল্লিখিত প্রতিষ্ঠানসমূহ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনকে সহায়তা প্রদান করবেঃ।**<br>৯.১. ঈদের দিন নিরবচ্ছিন্ন বিদ্যুৎ নিশ্চিতসহ পর্যাপ্ত সংখ্যাক ব্যাটারীর/ জেনারেটর- এর ব্যবস্থা রাখতে হবে। | গণযোগাযোগ অধিদপ্তর, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা পাওয়ার ডিষ্ট্রিবিউশন কোঃ লিঃ |
| | | ৯.২ ঈদগাহ মাঠের নির্গমনের রাস্তা ভিক্ষুকমুক্ত রাখার ব্যবস্থা করতে হবে। | ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ট্রাফিক বিভাগ (দক্ষিণ), ডিএমপি |
| | | ৯.৩ অগ্নি নির্বাপণের ব্যবস্থা প্রস্তুত রাখতে হবে। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, |
| | | ৯.৪ বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে হবে। | ঢাকা পাওয়ার ডিষ্ট্রিবিউশন কোঃ লিঃ |
| | | ৯.৫ ওজুর পানি ও পাত্র সরবরাহ করতে হবে। | ঢাকা ওয়াসা<br>ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন। |
| | | ৯.৬ মুসুল্লীগণের অজু করার জন্য সহায়তা করতে হবে। অজুর স্থানসমূহ পূর্ব থেকেই খোলা রাখতে হবে এবং হাইকোর্ট মাজারের কর্মচারীগণকে উপস্থিত রাখতে হবে। | হাইকোর্ট মাজার প্রশাসন কমিটি, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, মুতাওয়াল্লী, এবং ইমাম হাইকোর্ট মাজার মসজিদ |
| | | ৯.৭ নামাজের বিছানা, চাদর ইত্যাদির বন্দোবস্ত করা। | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন |
| | | ৯.৮ ঈদগাহ ময়দানে জরুরী টেলিফোন সংযোগপূর্বক ঈদের নামাজের নির্ধারিত সময়ের পূর্বেই দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা টেলিফোনের অবস্থান এবং টেলিফোন নম্বর সংশ্লিষ্ট সকলকে অবহিত করতে হবে। | ডাক ও টেলিযোগাযোগ বিভাগ / ব্যবস্থাপনা পরিচালক, বিটিসিএল, ঢাকা। |
| | | ৯.৯ হারানের ব্যক্তিকে অনুসন্ধানের জন্য অনুসন্ধান কেন্দ্র স্থাপন করতে হবে এবং মাইকে ঘোষণা করার ব্যবস্থা রাখতে হবে। অনুসন্ধান কেন্দ্র, গাড়ীর প্রবেশ ও প্রস্থান এবং পার্কিং সম্বলিত নির্দেশনা ডিসপ্লে বোর্ডে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ডিএমপি |
| | | ৯.১০ ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ রক্ষা করত: জাতীয় ঈদগাহে ঈদের প্রধান জামায়াতের সার্বিক দায়িত্ব পরিচালনা করতে হবে।<br>৯.১১ ঈদের নামাজের শেষে মুসল্লিগণের সহজে মাঠ হতে বহিগর্মণের জন্য সুপ্রিম কোর্টের সাথে আলোচনা করে ঈদগাহের পূর্ব দিকে আরো ২টি নতুন বহির্গমন পথ স্থাপন করতে হবে। | ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন, গণপূর্ত অধিদপ্তর |
| ১০. | জাতীয় ঈদগাহ, ঢাকায় ঈদের প্রধান জামাত অনুষ্ঠানের নিরাপত্তা ব্যবস্থা এবং কন্ট্রোল রুম স্থাপন। | ১০.১. নিরাপত্তা ও আইন শৃঙ্খলা নিশ্চিত করা। সে লক্ষ্যে আইন-শৃঙ্খলা বাহিনীর পাশাপাশি বাংলাদেশ স্কাউটদের নিয়োজিত করা যেতে পারে। | স্বরাষ্ট্র মন্ত্রণালয়, পুলিশ সদর দপ্তর, ঢাকা মেট্রোপলিটন পুলিশ |
| | | ১০.২ আগত মুসুল্লিদের গাড়ী পার্কিং-এর ব্যবস্থাপনা ও তত্বাবধান করতে হবে। | ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ট্রাফিক বিভাগ (দক্ষিণ), ডিএমপি |
| | | ১০.৩. নিরাপত্তা ও আইন শৃঙ্খলা নিশ্চিত করাসহ সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে ঈদগাহ মাঠে একটি কন্ট্রোল রুম স্থাপন করতে হবে। | স্বরাষ্ট্র মন্ত্রণালয়, গণযোগাযোগ অধিদপ্তর, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা। |

| ক্র: নং | কর্মসূচি | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১১. | ঈদের অন্যান্য অনুষ্ঠান (জাতীয় পতাকা উত্তোলন, সড়ক সজ্জিত করা ও আলোক সজ্জা করা)। | ১১.১ সরকারি ও বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন :<br>ঈদ উল ফিতরের দিন সরকারি ভবনসমূহের জন্য গণপূর্ত অধিদপ্তর ও বেসরকারি ভবনের জন্য নিজ নিজ মালিক ও ব্যবস্থাপকগণ জাতীয় পতাকা উত্তোলনের ব্যবস্থা করতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্টরা যাতে অবহিত থাকেন সেজন্য তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশন এবং জাতীয় দৈনিক পত্রিকাসমূহে প্রচারের ব্যবস্থা গ্রহণ করা। | মন্ত্রিপরিষদ বিভাগ, তথ্য মন্ত্রণালয়,<br>গণপূর্ত অধিদপ্তর,<br>বাংলাদেশ বেতার,<br>বাংলাদেশ টেলিভিশন<br>জেলা প্রশাসক (সকল) এবং বিভাগীয় কমিশনার (সকল)। |
| | | ১১.২ জাতীয় পতাকা ও ''ঈদ মোবারক'' (বাংলা ও আরবীতে) খচিত ব্যানার দ্বারা বনানী ঢাকা গেইট হতে বঙ্গভবন পর্যন্ত প্রধান প্রধান সড়ক এবং সড়ক দ্বীপ (আইল্যান্ড সমূহ) সজ্জিত করা হবে। রাস্তাগুলো নিম্নরূপঃ<br>হযরত শাহজালাল(রহঃ) বিমান বন্দর হতে সড়কদ্বীপসহ বনানীর ঢাকা গেইট, কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরি, ছাত্র-শিক্ষক কেন্দ্র, কার্জন হল, আব্দুল গণি রোড, বঙ্গবন্ধু এভিনিউ, ডি আই টি এভিনিউ, নর্থ-সাউথ রোড এবং বঙ্গভবন হয়ে ইঞ্জিনিয়ার্স ইনষ্টিটিউট, ঢাকা ক্লাব, তোপখানা রোড, দৈনিক বাংলা মোড় হয়ে বঙ্গভবন পর্যন্ত। জাতীয় মসজিদ বায়তুল মোকাররমের চারিপার্শ্বের রাস্তাসমূহ এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের সম্মুখের রাস্তা ও প্রধানমন্ত্রীর সরকারি বাস ভবনের সম্মুখের রাস্তা। | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, গণপূর্ত অধিদপ্তর |
| | | ১১.৩ আলোক সজ্জা: ঈদের দিবাগত রাত্রিতে নির্দিষ্ট সরকারি ভবন সমূহে (**বঙ্গভবন, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন, বাংলাদেশ সচিবালয় ভবন, সুপ্রিম কোর্ট ভবন, পররাষ্ট্র মন্ত্রণালয়, ওসমানী মিলনায়তনে)** আলোকসজ্জার ব্যবস্থাসহ বায়তুল মোকাররম মসজিদকে ব্যাপকভাবে আলোকসজ্জা করা।<br>এ জন্য ধর্ম বিষয়ক মন্ত্রণালয় হতে গণপূর্ত অধিদপ্তরের অনুকূলে মোট ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা বরাদ্দ প্রদান করা হবে। | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, গণপূর্ত অধিদপ্তর |
| | | ১১.৪ তিন বাহিনীর হেড কোয়ার্টার এবং সামরিক গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহে স্ব-স্ব ব্যবস্থানায় আলোকসজ্জার ব্যবস্থা করা যেতে পারে। | সশস্ত্র বাহিনী বিভাগ। |
| ১২ | ঈদের দিন বিশেষ অনুষ্ঠান প্রচার | ১২. বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশনসহ সরকারি-বেসরকারি প্রচার মাধ্যমে ব্যাপক প্রচার করতে হবে। ঈদের দিন বিশেষ অনুষ্ঠান প্রচার এবং সংবাদপত্রসমূহে বিশেষ সংখ্যা প্রশ করবে।<br>ঈদের বিশেষ অনুষ্ঠানসমূহ সর্ব সাধারণের বিনোদনের জন্য নতুন আঙ্গিকে উন্নত মানের নতুন প্রোগ্রাম তৈরী করে বাংলাদেশ বেতার ও বাংলাদেশ টেলিভিশনসহ সরকারি-বেসরকারী সকল প্রচার মাধ্যমে প্রচারের ব্যবস্থা করবে। | তথ্য মন্ত্রণালয়<br>বাংলাদেশ বেতার<br>বাংলাদেশ টেলিভিশন |
| ১৩ | হাসপাতাল, কারাগার ও সরকারি শিশু সদনে ঈদের দিন উন্নতমানের খাবার পরিবেশন ও ঈদের গুরুত্ব সম্পর্কে ঈদের পূর্বে সেমিনার/আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা | ১৩.১ হাসপাতাল, কারাগার, শিশু সদন, ছোটমনি নিবাস, সামাজিক প্রতিবন্ধী কেন্দ্র, আশ্রয় কেন্দ্র, সেফ হোমস্, ভবঘুরে কল্যাণ কেন্দ্র ও দুঃস্থ কল্যাণ কেন্দ্রে ঈদের দিন উন্নতমানের খাবার পরিবেশনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | স্বরাষ্ট্র মন্ত্রণালয়<br>স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়<br>সমাজ কল্যাণ মন্ত্রণালয় |
| | | ১৩.২ ঈদ-উল-ফিতর এর গুরুত্ব সম্পর্কে ঈদের পূর্বেই সেমিনার/ আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা। সম্ভব হলে রেডিও টিভিতে আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা এবং বায়তুল মুকাররম মসজিদে রোজার সময় যে আলোচনা অনুষ্ঠান হয় তা সরাসরি অথবা অংশ বিশেষ বাংলাদেশ টেলিভিশনের মাধ্যমে সম্প্রচারের ব্যবস্থা করা। তথ্য মন্ত্রণালয়ের পক্ষ থেকে বেসরকারী টিভি চ্যানেলগুলোকে এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা যেতে পারে। | তথ্য মন্ত্রণালয়<br>বাংলাদেশ বেতার<br>বাংলাদেশ টেলিভিশন<br>ইসলামিক ফাউন্ডেশন |

| ক্র: নং | কর্মসূচি | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১৪ | ঈদের দিন ও ঈদের পর বিভিন্ন অনুষ্ঠানের আয়োজনা করা। | ১৪.১ মহানগরসহ সারা দেশেরে বিভিন্ন স্থানে রাষ্ট্রীয় নীতির সাথে সংগতিশীল ডকুমেন্টারী ফিল্ম/চলচ্চিত্র প্রদর্শন। ডকুমেন্টারী ফিল্ম তৈরীর ক্ষেত্রে অন্যান্য মুসলিম দেশের ধর্মীয় অনুষ্ঠানাদি, রীতি ও রেওয়াজকে গুরুত্ব দিয়ে নতুন আঙ্গিকে নতুন ধারার অনুষ্ঠানমালা তৈরীর অগ্রাধিকার দিতে হবে। | তথ্য মন্ত্রণালয় গণযোগাযোগ অধিদপ্তর, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর (DFP) |
| | | ১৪.২ ঈদের পরের ২দিন সুবিধা বঞ্চিত শিশুদের বিনা টিকেটে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন ও ঢাকা উত্তর সিটি করপোরেশন-এর আওতাধীন সকল শিশু পার্কে প্রবেশ এবং বিনোদনের ব্যবস্থা করতে হবে। শিশুদের মধ্যে চকলেট/চিপস বিতরণের বিষয়ে ইসলামিক ফাউন্ডেশন কিছু আর্থিক অনুদান প্রদান করতে হবে। | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ইসলামিক ফাউন্ডেশন |
| | | ১৪.৩ ঈদের দিন সুবিধা বঞ্চিত শিশুদের বিনা টিকেটে ঢাকা যাদুঘর, আহসান মঞ্জিল, লালবাগের কেল্লা ইত্যাদি দর্শনীয় স্থান প্রবেশ এবং তা প্রদর্শনের ব্যবস্থা করতে হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়/মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, জাতীয় যাদুঘর কর্তৃপক্ষ |
| | | ১৪.৪ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা। নতুন আঙ্গিকে উন্নতমানের প্রোগ্রাম তৈরী করে প্রচারের ব্যবস্থা করতে হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়। |
| | | ১৪.৫ মহানগরীতে প্রীতি ফুটবল ম্যাচ ও নৌকা বাইচ এর ব্যবস্থা করতে হবে। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ক্রীড়া পরিদপ্তর |
| | | ১৪.৬ বাংলাদেশ শিশু একাডেমীতে শিশুদের ঈদ পুনর্মিলনী অনুষ্ঠানের আয়োজন করা। এ বাবদ বাংলাদেশ শিশু একাডেমীর অনুকূলে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় হতে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা বরাদ্দ প্রদান করা হবে। | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ শিশু একাডেমী। |
| | | ১৪.৭ ইসলামিক ফাউন্ডেশনের উদ্যোগে ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে আয়োজিতব্য অনুষ্ঠানমালার তালিকা মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | ইসলামিক ফাউন্ডেশন |
| ১৫ | বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস কর্তৃক সরকারি কর্মসূচির আলোকে ঈদ-উল-ফিতর/১৭ উদযাপন | ১৫.১. বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস কর্তৃক যথাযোগ্য মর্যাদার সঙ্গে সরকারি কর্মসূচির আলোকে ঈদ- উল- ফিতর উপযাপন এর ব্যবস্থা করতে হবে। | পররাষ্ট্র মন্ত্রণালয়। |
| | | ১৫.২. মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর বাণী সমূহ বাংলাদেশ মিশনসমূহের মাধ্যমে বিদেশে প্রচারের ব্যবস্থা করতে হবে। | |
| ১৬ | অন্যান্য | ১৬. বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসারগণ ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানের প্রধানগণ কর্তৃক জাতীয় কর্মসূচীর আলোকে নিজ নিজ কর্মসূচি প্রণয়ন পূর্বক ঈদ-উল-ফিতর উদযাপন করবেন।<br>সম্ভব হলে আসন্ন ঈদের কর্মসূচিতে অথবা পরবর্তী ঈদ থেকে জেলা পর্যায়ে কর্মসূচি প্রণয়নের ক্ষেত্রে সংস্কৃতি বিষয়ক মন্ত্রনালয়, ইসলামিক ফাউন্ডেশন, বাংলাদেশ শিশু একাডেমী ও জেলা প্রশাসনের সম্মিলিত উদ্যোগের শিশুদের জন্য নতুন আঙ্গিকে উন্নত প্রোগ্রাম/ডিজাইন এর ব্যবস্থা করতে হবে। | মন্ত্রিপরিষদ বিভাগ<br>জনপ্রশাসন মন্ত্রণালয়<br>স্থানীয় সরকার বিভাগ<br>সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়<br>ইসলামিক ফাউন্ডেশন |

স্বাক্ষরিত/-
১১/০৬/২০১৭
(অধ্যক্ষ মতিউর রহমান)
মাননীয় মন্ত্রী
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।